

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়ম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: সবচেয়ে আশ্চর্যের বিষয়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিচ্ছেদ: সবচেয়ে আশ্চর্যের বিষয়

সবচেয়ে আশ্চর্যের বিষয় হলো তুমি তাঁকে চিনো; তারপরও তাঁকে ভালোবাসো না। তাঁর আহ্বান শোনো; কিন্তু তাঁর আহ্বানে সাড়া দিতে বিলম্ব করছ। তাঁর সাথে লেনদেন করলে অনেক মুনাফা হবে একথা জানো; অথচ তুমি অন্যের সাথে লেনদেন করছ। তাঁর রাগের পরিমাণ তুমি জানো; অথচ তাঁর থেকে বিমুখ থাকছ। তাঁর অবাধ্যতার চরম শান্তি ভোগ করছ; অথচ তাঁর আনুগত্যের মাধ্যমে তাঁর ভালোবাসা তালাশ করছ না। তুমি অন্যের ব্যাপারে আলোচনা করে অন্তরের রস আস্বাদন করো; অথচ তাঁর যিকর ও মুনাজাতের মাধ্যমে অন্তরকে প্রশান্ত করতে তুমি পাগলপনা হচ্ছ না। তিনি ব্যতীত অন্যের সাথে তোমার অন্তর সম্পৃক্ত করে আযাবের স্বাদ আস্বাদন পাচ্ছ; কিন্তু অন্যের কাছ থেকে পালায়ন করে তাঁর নি'আমতের দিকে এগিয়ে আসছ না এবং তাঁরই দিকে ফিরে আসছ না।

এর চেয়েও বেশি আশ্চর্যের ব্যাপার হলো, তুমি অবশ্যই জানো যে তাঁকে তোমার লাগবেই, তুমি তাঁর প্রতি মুখাপেক্ষী, অসহায়; অথচ তুমি তাঁর থেকে মুখ ফিরিয়ে আছো। আর যা তোমাকে তাঁর থেকে দূরে রাখবে তুমি তারই অভিমুখী!

Source — https://www.hadithbd.com/books/link/?id=9710

👲 হাদিস্বিডির প্রজেক্টে অনুদান দিন